**বিষয়টি অতিব জরুরি**

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

**www.rajshahieducationboard.gov.bd**
রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা
controller@rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর- রাশিবো/গোপ/মাধ্য/পনি-৮৬ তারিখ : ৩০ জুন ২০২৫

**বিষয় : গোপনীয় কাজের প্রশিক্ষণের জন্য তথ্য সরবরাহ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন ও সমীক্ষণ (অনুবাদসহ) সংক্রান্ত গোপনীয় কাজের প্রশিক্ষণের নিমিত্ত আপনার প্রতিষ্ঠানের সকল বিষয়ের শিক্ষকগণের নামের তালিকা একান্ত প্রয়োজন। বিষয়ওয়ারী শিক্ষকগণের নামের তালিকা নিম্নবর্ণিত ছক মোতাবেক প্রস্তুত করতঃ আগামী ০৭/০৭/২০২৫ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর (NikoshBan ও Excel Format) controller@rajshahieducationboard.gov.bd এ নিম্নের ছক অনুসরণ করে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হ'ল (বর্ণিত প্রশিক্ষণ কার্যক্রম বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির তত্ত্বাবধানে ঢাকায় অনুষ্ঠিত হবে)।

## "ছক"

| ক্রমিক | শিক্ষকের নাম ও পদবী | প্রশ্নপত্র প্রণয়ন ও সমীক্ষণের বিষয় | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা, মোবাইল নং এবং ইমেইল |
|---|---|---|---|
| ১. | ২ | ৩ | ৪ |
| ২. | | | |
| ৩. | | | |
| ৪. | | | |

**উল্লেখ্য, প্রশিক্ষণের জন্য শিক্ষক মনোনয়নের ক্ষেত্রে নিচের মানদন্ডসমূহ বিবেচিত হবে :**

১. এসএসসি থেকে স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে দুইটি ১ম বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ (অগ্রাধিকার পাবে) ;
২. সংশ্লিষ্ট বিষয়ে পাঠদানের ন্যূনতম ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা ;
৩. বিদ্যালয়ের অভ্যন্তরীণ পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নের অভিজ্ঞতা ;
৪. ন্যূনতম ১৫(পনের) বছর চাকরি অবশিষ্ট থাকতে হবে এবং
৫. ১২ দিনের সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়নের উপর প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকগণকে মনোনয়ন দেয়া যাবে না।

৩০/৬/২৫

**পরীক্ষা নিয়ন্ত্রক**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন : ০২৫৮৮৮৫৬২৩১

**প্রাপক**
**প্রতিষ্ঠান প্রধান**
এসএসসি পর্যায়ের মঞ্জুরীপ্রাপ্ত সকল বিদ্যালয়
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

D:\Confidential_Section\Notice_017